# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯২

১/ বিবিধ

আরবী

ثلاث من كن فيه نشر الله عليه كنفه وأدخله الجنة: رفق بالضعيف، والشفقة على الوالدين، والإحسان إلى المملوك

موضوع

أخرجه الترمذي (3 / 316) من طريق عبد الله بن إبراهيم الغفاري المديني، حدثني أبي عن أبي بكر بن المنكدر عن جابر مرفوعا، وقال الترمذي: هذا حديث غريب
قلت: عبد الله بن إبراهيم نسبه ابن حبان إلى أنه يضع الحديث، وقال الحاكم روى عن جماعة من الضعفاء أحاديث موضوعة لا يرويها غيره
قلت: وأبوه مجهول كما في " التقريب " فالحديث بهذا الإسناد موضوع، وقد أورده المنذري في " الترغيب " (2 / 49) مشيرا لضعفه بزيادة: " وثلاث من كن فيه أظله الله عز وجل تحت عرشه يوم لا ظل إلا ظله: الوضوء في المكاره، والمشي إلى المساجد في الظلم، وإطعام الجائع "، وقال: رواه الترمذي بالثلاث الأول فقط، وقال: حديث غريب، ورواه أبو الشيخ في " الثواب " وأبو القاسم الأصبهاني بتمامه

বাংলা

৯২। তিনটি বস্তু যার মধ্যে থাকবে, তার বক্ষকে আল্লাহ প্রশস্ত করে দেবেন এবং তাকে জান্নাতে প্রবেশ করাবেন। দুর্বলকে দয়া করা, পিতা-মাতার প্রতি নম্র ব্যাবহার করা এবং অধীনস্তদের প্রতি ইহসান করা।

হাদীসটি জাল।

হাদীসটি ইমাম তিরমিযী (৩/৩১৬) আব্দুল্লাহ ইবনু ইবরাহীম আল-গিফারী আল-মাদীনী সূত্রে তার পিতা হতে ... বর্ণনা করে বলেছেনঃ হাদীসটি গারীব।

আমি (আলবানী) বলছিঃ ইবনু হিব্বান এ আব্দুল্লাহ সম্পর্কে বলেছেনঃ তিনি হাদীস জাল করতেন। হাকিম বলেনঃ তিনি দুর্বল সম্প্রদায় হতে বহু জাল হাদীস বর্ণনা করেছেন। সেগুলো তিনি ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ তার পিতা মাজহুল, যেমনভাবে “আত-তাকরীব” গ্রন্থে এসেছে। অতএব হাদীসটি এ সনদে জাল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5353

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন